

সংঘ-সমিতি ও সম্প্রদায় (Association and community) :

সংঘ-সমিতির সঙ্গে সম্প্রদায়ের চরিত্রগত পার্থক্য আছে**। সংঘ-সমিতি হচ্ছে সম্প্রদায়ের অন্তর্গত সংগঠন। কাজেই, 'সম্প্রদায়ের অন্তর্গত বিশেষ কোন সংঘ-সমিতি অপেক্ষা সম্প্রদায়ের পরিধি ব্যাপকতর'।^১ প্রথমত, সংঘ-সমিতির লক্ষ্য বা উদ্দেশ্য সম্পর্কে নির্দিষ্টভাবে কিছু বলা গেলেও সম্প্রদায়ের লক্ষ্য বা উদ্দেশ্য সম্পর্কে নির্দিষ্টভাবে কিছু বলা যায় না। কোন ব্যবসায়িক সংগঠন বা ধর্মীয় সংগঠন বা খেলার দল হচ্ছে সংঘ-সমিতি (Association), আর গ্রাম বা শহর হচ্ছে সম্প্রদায় (Community)। একটি ব্যবসায়িক সংগঠন বা ধর্মীয় সংগঠন বা খেলার দল কেন আছে এবং কি তাদের লক্ষ্য বা উদ্দেশ্য?— এমন প্রশ্ন করা হলে, প্রশ্নোত্তরে নির্দিষ্ট কোন স্বার্থের উল্লেখ করা যেতে পারে। কিন্তু, গ্রাম বা শহরের উদ্দেশ্য কি?— এমন প্রশ্ন করা হলে সঠিক উত্তর দেওয়া সম্ভব হয় না; কেননা, নির্দিষ্ট কোন স্বার্থ-সাধনের জন্য মানুষ গ্রাম-সম্প্রদায় অথবা শহর-সম্প্রদায়ের অন্তর্ভুক্ত হয় না, সমগ্র জীবন অতিবাহিত করার জন্য মানুষ ঐ সব সম্প্রদায়ের অন্তর্ভুক্ত হয়।

দ্বিতীয়ত, বিশেষ কোন স্বার্থসাধনের জন্যই মানুষ সংঘ-সমিতির সভ্য হয়। চার্চ বা গীর্জা কেবল মানুষের ধর্মভাবকে চরিতার্থ করে, বিদ্যায়তন কোন শিক্ষামূলক আকাঙ্ক্ষাকে চরিতার্থ করে। কোন সংঘ-সমিতি মানুষের সমস্ত চাহিদার তৃপ্তিসাধন করতে পারে না। কিন্তু সম্প্রদায় হচ্ছে এমন এক জনগোষ্ঠী যেখানে মানুষের সমগ্র মৌল চাহিদা পরিতৃপ্ত হয়। গ্রাম-সম্প্রদায় অথবা শহর-সম্প্রদায়ের মধ্যে বাস করে মানুষ তার সমগ্র প্রয়োজন সাধন করতে পারে— ঐসব সম্প্রদায়ের অন্তর্গত যেসব সংঘ-সমিতি থাকে তাদের সদস্যরূপে মানুষ তার বহু ও বিচিত্র আকাঙ্ক্ষাগুলি পরিতৃপ্ত করতে পারে, গ্রামের বা শহরের বাইরে যাবার প্রয়োজন হয় না। অর্থাৎ সম্প্রদায়ের মধ্যে থেকে মানুষ তার যাবতীয় সামাজিক সম্পর্কের সন্ধান পেতে পারে। বটোমোর (Bottomore) বলেন, 'মানুষ সমগ্রভাবেই সম্প্রদায়ের অন্তর্ভুক্ত, যেখানে তার গোষ্ঠীজীবনের মৌল-চাহিদার অধিকাংশ অথবা সব চাহিদাই তৃপ্ত হয়; কিন্তু মানুষ সমগ্রভাবে সংঘ-সমিতির অন্তর্ভুক্ত হয় না, নির্দিষ্ট ও খণ্ডিত লক্ষ্যসাধনের উদ্দেশ্যে সে সংঘ-সমিতির অন্তর্ভুক্ত হয়'।^২ সহজ কথায়, বিশেষ কোন ইচ্ছা বা আকাঙ্ক্ষার পরিতৃপ্তির জন্য মানুষ সংঘ-সমিতির সদস্য হয়, আর জীবনের মূল প্রয়োজনে সম্প্রদায়ের সদস্য হয়।

সংঘ-সমিতি ও সম্প্রদায়ের মধ্যে সুস্পষ্ট পার্থক্য থাকলেও, এমন কতকগুলি ক্ষেত্র আছে যেখানে সংঘ-সমিতি ও সম্প্রদায়ের মধ্যে পার্থক্য নির্ধারণ করা সহজসাধ্য হয় না। যেমন, সন্ন্যাসী

